# আয-যিলযাল | Az-Zalzala | ٱلزَّلْزَلَة

আয়াতঃ ৯৯ : ৫

## আরবি মূল আয়াত:

بِاَنَّ رَبَّكَ اَوۡحٰى لَهَا ؕ﴿۵﴾

## অনুবাদসমূহ:

যেহেতু তোমার রব তাকে নির্দেশ দিয়েছেন। — আল-বায়ান

কারণ তোমার প্রতিপালক তাকে আদেশ করবেন, — তাইসিরুল

তোমার রাব্ব তাকে আদেশ করবেন। — মুজিবুর রহমান

Because your Lord has commanded it. — Sahih International

### ৫. কারণ আপনার রব তাকে নির্দেশ দিয়েছেন,

-

তাফসীরে জাকারিয়া

### ৫। কারণ তোমার প্রতিপালক তাকে আদেশ করবেন। [1]

[1] অর্থাৎ, মাটিকে কথা বলার শক্তি আল্লাহই সেদিন দান করবেন। অতএব এটা কোন আশ্চর্যজনক কথা নয়। যেমন সেদিন মানুষের অঙ্গ-প্রত্যঙ্গকে আল্লাহ বাকশক্তি দান করবেন, ঠিক মাটিও আল্লাহর হুকুমে কথা বলবে। (জড়পদার্থের কথা বা শব্দ ধরে রাখা এবং প্রয়োজনে তা শুনিয়ে দেওয়ার ক্ষমতা তো বিজ্ঞানও প্রমাণ করেছে। অতএব সৃষ্টিকর্তার আদেশে মাটির কথা বলার ব্যাপারটা কোন আশ্চর্যের নয়। -সম্পাদক)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6143

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন